# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৮১টি প্রতিষ্ঠানকে ৩.১৬ লক্ষ টাকা জরিমানা

**২৩ জানুয়ারি ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ২৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, লক্ষ্মীপুর, কুষ্টিয়া, ঝালকাঠি, রাজশাহী, লালমনিরহাট, নওগাঁ, ঝিনাইদহ, ব্রাহ্মণবাড়ীয়া, খুলনা, সুনামগঞ্জ, বরিশাল, বরগুনা, কুড়িগ্রাম, হবিগঞ্জ, ভোলা, নারায়ণগঞ্জ ও পাবনায় আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শাহবাগ এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নিউ ভাগ্যকুল বিক্রমপুর সুইটসকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ১১৮নং মাংসের দোকান ও ১১১নং মাংসের দোকানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা করে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **৯,০০০/- (নয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার মোহনগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা ও শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুরের নকলা উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের ডাবলমুরিং থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের বন্দর থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, ঝালকাঠি জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সাফিয়া সুলতানার নেতৃত্বে ঝালকাঠির নলছিটি উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর চারঘাট উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে লালমনিরহাটের আদিতমারী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর মহাদেবপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের মহেশপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার কসবা উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৪৮,০০০/- (আটচল্লিশ হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনার রূপসা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের দুয়ারাবাজার উপজেলায় **১১টি** প্রতিষ্ঠানকে **২৬,৩০০/- (ছাব্বিশ হাজার তিনশত)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের বাবুগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে বরগুনা সদর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৯,৮০০/- (নয় হাজার আটশত)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের ভুরুঙ্গামারী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জের মাধবপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার চরফ্যাশনের দক্ষিণ আইচা থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, লালমনিরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে লালমনিরহাটের আদিতমারী উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের পাহাড়তলী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের সোনারগাঁও থানা **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ফান ক্লাবকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা

আরোপ আদায় এবং পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌলার নেতৃত্বে পাবনার ঈশ্বরদী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২,৭২,১০০/- (দুই লক্ষ বাহাত্তর হাজার একশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, ওজনে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বা ঔষধ বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক মোঃ ফিরোজ সরকার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Fusion Cafe কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Chill Cafe, Star Greplex এবং Star Cineplex কে যথাক্রমে **১,০০০/- (এক হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

আজকের **২৪টি** বাজার তদারকি ও **৫টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৮১টি** প্রতিষ্ঠানকে মোট **৩,১৬,১০০/- (তিন লক্ষ ষোল হাজার একশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৫ জন** অভিযোগকারীকে মং **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, বাজার পরিদর্শক, সিভিল সার্জনের প্রতিনিধি, বাজার কর্মকর্তা প্রাণীসম্পদ কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, লক্ষ্মীপুর, কুষ্টিয়া, ঝালকাঠি, রাজশাহী, লালমনিরহাট, নওগাঁ, ঝিনাইদহ, ব্রাহ্মণবাড়ীয়া, খুলনা, সুনামগঞ্জ, বরিশাল, বরগুনা, কুড়িগ্রাম, হবিগঞ্জ, ভোলা, নারায়ণগঞ্জ ও পাবনা।
৭। পুলিশ সুপার, ঢাকা, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, লক্ষ্মীপুর, কুষ্টিয়া, ঝালকাঠি, রাজশাহী, লালমনিরহাট, নওগাঁ, ঝিনাইদহ, ব্রাহ্মণবাড়ীয়া, খুলনা, সুনামগঞ্জ, বরিশাল, বরগুনা, কুড়িগ্রাম, হবিগঞ্জ, ভোলা, নারায়ণগঞ্জ ও পাবনা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।